Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 18 April, 2025

রাজশাহী পুঠিয়া উপজেলার পুঠিয়া পৌরসভার পুরাতন ভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।এই ঘটনায় এক লক্ষ টাকার মতো টিসিবির পণ্য পুড়ে ছাই হয়ে গেছে বলে জানাযায়।

বিষয়টি নিশ্চিত করে শুক্রবার (১৮ এপ্রিল) সকালে পুঠিয়া ফায়ার সার্ভিসের ওয়্যারহাউজ ইন্সপেক্টর সরোয়ার হোসেন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে আগুন নিমন্ত্রণে আনে ফায়ার সার্ভিসের কর্মীরা।সেখানে টিসিবির তেল, মসুরের ডাল ও চাউল ছিল।সেগুলো আগুনে নষ্ট হয়ে গেছে।এতে প্রায় ১ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।বৃহস্পতিবার (১৭ এপ্রিল) দিবাগত রাত একটার দিকে পুঠিয়া থানার সামনে পৌর সদরের পুরাতন পৌরসভা ভবনে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

তিনি আরও বলেন, আমাদের ধারনা বৈদ্যুতিক শর্ট সার্কিটের কারণে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। যেখানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে সেখানে একটি ইলেকট্রিক বোর্ড ছিলো। তেল পড়ে ইলেকট্রিক বোর্ডের আশেপাশে ভিজে ছিল।সেই বোর্ডটিও পুড়ে গেছে।

এ বিষয়ে পুঠিয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) দেবাশীষ বসাক বলেন, বৃহস্পতিবার (১৭ এপ্রিল) দিবাগত রাত আনুমানিক একটার দিকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডের কারণ হিসেবে ফায়ার সার্ভিস বলেছে- বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে এই অগ্িকাণ্ডের ঘটনা ঘটেছে। পুঠিয়া পৌরসভার পুরাতন ভবনে টিসিবির পণ্য গুলো রাখা ছিলো। সেখানে অফিসিয়াল কোন কাজকর্ম চলে না।

গোডাউন হিসেবে ব্যবহার করা হয়।অগ্নিকাণ্ডের ঘটনায় ফায়ার সার্ভিসের লোকের ধারণা লাখ টাকার মতো ক্ষয়ক্ষতি হতে পারে।কারণ টিসিবির যে পণ্যগুলো আনা হয়েছিল সেগুলো বেশির ভাগই বৃহস্পতিবার ও বুধবার বিক্রি করা হয়েছে।তাই সেখানে খুব বেশি টিসিবির পণ্য ছিল না।

অগ্নিকাণ্ড টিসিবি ফায়ার সার্ভিস

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:30

URL: https://www.timestodaybd.com/rajshahi/997861224